43065 - মক্কাবাসীর উমরা করার মীকাত

প্রশ্ন

মক্কাবাসী উমরার জন্য কোথায় থেকে ইহরাম বাঁধবে? যদি তারা গ্রীষ্মের সময় 'আল-হাদা' (যে স্থানটি মীকাতের ভেতরে) তে কাটায় তাহলে উমরার জন্য তারা কোথায় থেকে ইহরাম বাঁধবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

মক্কাবাসী উমরার জন্য হারাম এলাকার বাহির থেকে যেমন 'তানয়ীম' থেকে ইহরাম বাঁধবেন। যদি তারা গ্রীষ্মকালে 'আল-হাদা'তে থাকেন তাহলে উমরার জন্য তারা তাদের থাকার জায়গা থেকে ইহরাম বাঁধবেন। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী; তিনি মীকাত নির্ধারণ করাকালে বলছেন: "...আর যে ব্যক্তি এর ভেতরে অবস্থান করবে তার ইহরাম বাঁধার স্থান হল সে যেখান থেকে নিয়ত করে। এমনকি মক্কাবাসী মক্কা থেকে ইহরাম বাঁধবে।"[মুত্তাফাকুন আলাইহি] এবং সহিহ বুখারী ও সহিহ মুসলিম সাব্যস্ত হয়েছে যে, আয়েশা (রাঃ) যখন মক্কাতে থাকাবস্থায় উমরা করতে চাইলেন তখন নবী সাল্লাল্লাহু আলাইহি তাকে হালাল এলাকা (হারামের বাহির) থেকে ইহরাম বাঁধার নির্দেশ দেন।

আল্লাহ্ই তাওফিকদাতা।